মোঃ শাহাদাত মিনা
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

মহেশ্বরপাশা ৩৩, মধ্যপাড়া পুলিশ ফাড়ি
মেইন রোড, কুয়েট, দৌলতপুর, খুলনা।
মোবাইল: ০১৭১২-১৯০২২০

সূত্র: ৩ঃ ৬াঃ ২৪/২০১/২৪ তারিখ : ১৪/০৫/২০২৪ খ্রি:

# রেজুলেশন

অদ্য ইং-১৪-০৫-২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় স্থানীয় খুলনা সিটি কর্পোরেশনের ০১ নং ওয়ার্ড অফিসে অত্র ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব মোঃ শাহাদাত মিনা সাহেবের সভাপতিত্বে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এক সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যদের-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় WLCC এর গুরুত্ব ও মূল উদ্দেশ্য উপস্থাপন করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য জনাব শেখ জাবের উদ্দিন পরিবেশ বিপর্যয় রোধে বৃক্ষ রোপোনে নাগরিকদের ভুমিকার উপরে আলোচনা করেন। পরিবেশ রক্ষা করতে হলে প্রত্যেক নাগরিককে সবুজ বৃক্ষ রোপন করতে হবে এবং ওয়ার্ডের রাস্তার দুপাশে যেখানে যেখানে খালি জায়গা আছে সেখানে সেখানে ওয়ার্ড অফিসের পক্ষ হতে বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহনের ব্যাপারে আলোচনা করা হয়।

সভাপতি সাহেব সভায় উন্নয়ন মুলক কাজের গুনগত মান সঠিক রাখার লক্ষে কমিটির সকল সদস্যকে দেখাশুনা বা খেয়াল রাখার ব্যাপারে এবং মশক নিধনের ব্যাপারে আলোচনা করেন। অত:পর সকল সদস্য ও সদস্যাগণের সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ:

১) পরিবেশ রক্ষার্থে বৃক্ষরোপনে নাগরিকদের উদ্বুদ্ধ করতে হবে এবং প্রত্যেক নাগরিকের হাতে চারা গাছ তুলে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) খুলনা সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে ওয়ার্ডের যে সকল রাস্তার পাশে খালি জায়গা আছে, সেই সকল স্থানে গাছ লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) মশার উপদ্রব হতে রক্ষা পাওয়ার জন্য নিয়মিত ফগার মেশিন দ্বারা এলাকায় স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্য্যসমাপ্তি ঘোষনা করেন।

ধন্যবাদান্তে

১৪/৫/২৪

মোঃ শাহাদাত মিনা
কাউন্সিলর, ১নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

ডকুঃ নং ১৪

# সভার কার্য্য বিবরণী বহি
# RESOLUTION BOOK

প্রতিষ্ঠানের/কার্যালয়ের নাম : ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)

সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানা : ৯নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

সভা নং : সময় : ১১টা হইতে : ১২টা পর্যন্ত : তারিখ : ২৪/০৫/২০২৪

| ক্রমিক নং | উপস্থিত সদস্য/সদস্যাগণের নাম | উপাধি | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শাহাদাত মিয়া | সভাপতি | [illegible] ২৪/৫/২৪ | |
| ২। | কাজী নাসিরুল হাসান | সদস্য | [illegible] | |
| ৩। | ওমর ফারুক | সদস্য | ওমর ফারুক | |
| ৪। | শেখ তৈয়েবুর রহমান লিটন | সদস্য | Lit | |
| ৫। | শেখ জুলফিকার আলী জুলু | সদস্য | [illegible] | |
| ৬। | মোঃ জুয়েল হোসেন | সদস্য | [illegible] | |
| ৭। | শেখ জাবের উদ্দিন | সদস্য | শেখ জাবের | |
| ৮। | চান মিয়া হাওলাদার | সদস্য | চান মিয়া হাও: | |
| ৯। | সাথী বেগম | সদস্য | সাথী | |
| ১০। | ফারহানা খাতুন | সদস্য | ফারহানা | |
| ১১। | বৃষ্টি মুন্সি | সদস্য | বৃষ্টি | |
| ১২। | পরিমল চন্দ্র বিশ্বাস | সদস্য সচিব | [illegible] ২৪/৫/২৪ | |

এস, এম, মনিরুজ্জামান
কাউন্সিলর
২ নং ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

S. M. Moniruzzaman
Councilor
Ward No-02, Khulna City Corporation, Khulna.

Ref: ২৮৪-২/২৪

Date: ১০/৫/২০২৪

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

## সভার রেজুলেশন

ইংরেজী ১০/০৫/২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১০ ঘটিকা সময় ২নং ওয়ার্ড কাউন্সিলরের কার্য্যালয়ে ২নং ওয়ার্ডের সমন্বয় কমিটির ( WLCC) এর সদস্যদের উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ২নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব এস এম মনিরুজ্জামান। সভায় উপস্থিত ছিলেন সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাবা মনিরা আক্তার। কাউন্সিল মহোদয়ের অনুমতি ক্রমে সভা পরিচালনা করেন। ২নং ওয়ার্ড সচিব গোলাম মোস্তফা। সভায় বিভিন্ন দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখা হয় এবং নিম্ন লিখিত কাজের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

১/ ২নং ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ দ্রুত গতিতে করিতে হইবে যাহাতে জন সাধারনের কোন প্রকার ক্ষতি না হয় এবং জনগন সঠিক সেবা পায়।

২/২নং ওয়ার্ডে যাহাতে পরিবেশ ভাল থাকে, সে জন্য ২নং ওয়ার্ডের বিভিন্ন রোডের পাশে ও ফাকা স্থানে বৃক্ষ রোপন করার জন্য আলোচনা করা হয়।

উপস্থিত সদস্যদের নাম নিম্মে দেওয়া হইল।

১. সংরক্ষিত আসনের কাউন্সিলর - মনিরা আক্তার - সহ-সভাপতি
২. বস্তি থেকে প্রতিনিধি - সালমা বেগম - সদস্য
৩. এনজিও প্রতিনিধি - মোঃ সফিকুজ্জামান মিঠু - সদস্য
৪. পেশাজীবি প্রতিনিধি - খান নজরুল ইসলাম - সদস্য
৫. নারী প্রতিনিধি - নিলা নাসির - সদস্য
৬. ওয়ার্ড সচিব - গোলাম মোস্তফা - সদস্য- সচিব

১০/৫/২০২৪
এস, এম, মনিরুজ্জামান
কাউন্সিলর, ওয়ার্ড নং-০২
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

# সভার কার্য্য বিবরণী বহি
# RESOLUTION BOOK

প্রতিষ্ঠানের নাম ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)র।

সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানা কাউন্সিলরের কার্যালয়, ৬নং ওয়ার্ড, কেসিসি।

সময় ১০:০০ হইতে ১১:০০ পর্যন্ত তাং ১৪/৬/২৪

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগনের নাম | উপাধি | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | মো: আব্দুস সালাম | সভাপতি | [signature] | |
| | সনিরা আক্তার | সহ-সভাপতি | [signature] | |
| | মো: জাহাঙ্গীর আলম প্রধান | সদস্য | জাহাঙ্গীর | |
| | হেলেনা বেগম | সদস্য | হেলেনা | |
| | আফরিন নাহার শিল্পী | সদস্য | শিল্পী | |
| | মো: আব্দুর রশিদ | সদস্য | রশিদ | |
| | মুসলিমা আক্তার | সদস্য | মুসলিমা | |
| | শিপা | সদস্য | শিপা | |
| | জোসনা খাতুন | সদস্য | জোসনা | |
| | শ্যামলী দাস | সদস্য | শ্যামলী | |
| | জামাত মাহমুদ | সদস্য | | |
| | হাবিবুর রহমান | সদস্য | | |
| | কাজী নজরুল ইসলাম | সদস্য | নজরুল | |
| | শেখ হাবিবউদ্দিন রাজু | সদস্য | | |
| | জিন্নাতুন নেছা | সদস্য | জিন্নাত | |
| | মো: আলতাফ হোসেন | সদস্য | আলতাফ | |
| | শাহাদ আহমেদ | সদস্য | শাহাদ | |
| | মনোয়ারা দিপালী | সদস্য | দিপালী | |
| | মো: আনোয়ার হোসেন | সদস্য সচিব | হোসেন | |

অদ্য ইং ১৪/৬/২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হইতে ১১:০০ টা পর্যন্ত স্থানীয় খুলনা সিটি কর্পোরেশনের ৬নং ওয়ার্ড অফিস কার্যালয়ে অত্র ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব শেখ আব্দুস সালাম সাহেবের সভাপতিত্বে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)র ২য় মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যগন কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

# সভার কার্য্য বিবরণী বহি

## RESOLUTION BOOK

প্রতিষ্ঠানের নাম: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি WLCC

সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানা: কাউন্সিলরের কার্যালয়, ৩নং ওয়ার্ড, কেসিসি,

সময়: ........ হইতে ........ পর্যন্ত ........ তাং ........

### সভায় গৃহীত সিদ্ধান্তবলী

সভার শুরুতে (WLCC)র কার্যকর কমিটি উদ্দেশ্যে বলেন যে, আগামী ১৭।০৬।২০২৪ ইং তারিখে ঈদুল আযহা উপলক্ষ্যে অত্র ৩ নং ওয়ার্ডে নির্দিষ্ট ৫টি স্থানে কোরবানী পশু জবাই করার জন্য স্থান নির্ধারণ করা হয়েছে

১। শশিভূষন মঠের ময়দান

২। মহেশ্বরপাশা আদর্শ সর: প্রাথ: বিদ্যালয় মাঠ

৩। মর্ত্তিবাড়ি স্কুল মাঠ

৪। মহেশ্বরপাশা কেন্দ্রীয় ঈদগাহ ময়দান ও

৫। কার্তিককুল স্কুল মাঠ ইত্যাদি স্থান গুলোতে

জনসাধারনের সুবিধার বিবেচনা করে খুলনা সিটি কর্পোরেশন কোরবানীর বর্জ্য অপসারনের জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহন করেছে যে, নির্দিষ্ট স্থানে পশু জবাই করলে সিটি কর্পোরেশন দ্রুত বর্জ্য অপসারনের জন্য জনবল নিয়োগ সহ প্রয়োজনীয় কাঠের গুড়া, কোদাল পাতা বিছানোর জন্য, নাজাবিরোধ বসার জন্য প্যান্ডেল নির্মান সহ কোরবানীর বর্জ্য দ্রুত অপসারনের মাধ্যমে এবং ব্লিচিং পাউডার ছিটিয়ে যাতে পরিবেশ দূষিত না হয় সেদিকে সর্বো ব্যবস্থা সহ কমিটির সদস্য গন দৃষ্টি আকর্ষন করেন এবং সর্বসম্মতি ক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

* মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মতে, ওয়ার্ডে ঈদুল আযহার কোরবানীর পশু জবাই নির্দিষ্ট স্থানে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

* নির্দিষ্ট স্থানে পশু জবাই পর অতি দ্রুত সময়ের মধ্যে বর্জ্য অপসারনের সিদ্ধান্ত গৃহিত হয়।

* যাহাতে করে ওয়ার্ডের পরিবেশ দূষিত না হয় সেজন্য বর্জ্য অপসারনের পর ব্লিচিং এবং প্রচুর পানি দিয়ে ধুয়ে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সাহেব সবাইকে আসন্ন ঈদুল আযহার শুভেচ্ছা জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

[signature] ১৪/৬/২৪

মোঃ আব্দুস সালাম
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
খুলনা সিটি কর্পোরেশন

কেয়া প্রোডাক্টস, ঢাকা।

গোলাম রব্বানী
কাউন্সিলর
৪ নং ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশন

সূত্র : ..........................................        তারিখ : ..........................................

## ০৪নং ওয়ার্ড সমন্বয় কমিটির প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ গোলাম রব্বানী, কাউন্সিলর, ০৪নং ওয়ার্ড।
সহ-সভাপতিঃ শাহিদা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত আসন- ০২নং (ওয়ার্ড নং-৪,৫,৬)
সভার স্থানঃ ০৪নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

সভার তারিখ ও সময়ঃ 24|0৬|24 ইং, দুপুর ০১.০০টা।
সভার উপস্থিতিঃ সংযুক্ত পরিশিষ্ট "ক"
সভার শুরুতে সভাপতি মহোদয় ০৪নং ওয়ার্ড পরিচালন ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয় সংক্রান্ত সভায় উপস্থিত হওয়ায়, সমন্বয় কমিটির সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। অতপর উক্ত সভা পরিচালনার জন্য তিনি প্রারম্ভিক বক্তব্য রাখেন। পরবর্তীতে উপস্থিতি সদস্যদের মধ্য থেকে বিষয় ভিত্তিক আলোচনায় অংশগ্রহনের আহবান জানান ঃ-

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১। ওয়ার্ডের চলমান বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও গুনগতমান নিরুপণ | সভাপতি বলেন, চলমান উন্নয়নমূলক কাজ ১. মোল্যা মেইন রোড সংলগ্ন ড্রেন (হাজী মোবারক আলী, কেনাই মোড়ল সড়ক, মূলের ঘাট), ২. মোল্যা পাড়া দাড়ার ড্রেন, ৩. হাজী মোবারক সড়ক এর উন্নয়ন। | পর্যবেক্ষণ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.মোঃ ইসমাইল মোড়ল<br>২.ইমরান আহসান সিদ্দিকী<br>৩.মোঃ শাহীন মোল্যা | |
| ২।জনগণেকে পৌর কর,জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস ট্রেড লাইসেন্স ফিস, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধি | সভাপতি উপস্থিত সকল সদস্যকে জন্ম-মৃত্যু নিবন্ধনের জন্য হাসপাতল থেকে প্রয়োজনীয় সনদপত্র গ্রহণ এবং কেসিসি কর্তৃক নির্ধারিত ফিস প্রদান, সময়মত হোল্ডিং ট্যাক্স প্রদান, সকল ব্যবসায় প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স গ্রহণ করছে কিনা, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। | পর্যবেক্ষণ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিটির সকল সদস্য | |

গোলাম রব্বানী 24/1/24
কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৪
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

সূত্র : ........................................ তারিখ : ........................................

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। সড়ক বাতি ও নিরাপদ পানি ও অন্যান্য জনকল্যান মূলক কার্যক্রম বিষয়ে সচেতনা বৃদ্ধি | সভাপতি কমিটির সকর সদস্যদের উদ্দশ্যে বলেন এলাকার সড়ক বাতি ও নলকূপে নিরাপদ পানি জনগনের নাগরিক অধিকার এ বিষয়ে জনসচেতন মূলক প্রদান করার লক্ষ্যে জনকল্যান মূলক পরামর্শ প্রদান করা এই কমিটির দায়িত্ব, ওয়ার্ডের বিভিন্ন স্থানে সড়ক বন্ধ ও নলকূপে পানি সংক্রান্ত সমস্যা দেখলে সাথে সাথে ওয়ার্ড অফিসে জানাতে হবে এবং কর্তব্যরত ব্যক্তি নিরাপন পানি সরবহর করবেন। এই বিষয়ে তাদের নাগরিক অধিকার সম্পর্কে প্রদান করা হলো। | কমিটির বাতি ও নিরাপদ পানি সরবাহর করার কাজে দায়িত্বরত ব্যক্তিদেরকে নিয়ে ওয়ার্ডের বিভিন্ন মহল্লায় পরিচিতি মূলক সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিটির সভাপতিসহ সকল সদস্য | |
| ৪। বর্জ্য ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ, সেনিটেশন ও ওয়ার্ডের বিভিন্ন শ্রেনী পেশার ও নাগরিকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনা বৃদ্ধি করা। | সভাপতি মহোদয় এই বিষয়ে বলেন বর্জ্য ব্যবস্থাপনা একটি গুরুত্ব কাজ যা পরিবেশের ভারসাম্য নির্ভর করে গত ইং ০১/০১/২০২৪ তারিখ হইতে ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থপনা বিষয়টি নিয়ে ওয়ার্ড কঞ্জারভেন্সী সুপার ভাইজার সহ বর্জ্য ব্যবস্থপনা সকল দায়িত্বরত সকলকে নিয়ে শুষ্ক মৌসুমের ৬ মাস মেয়াদী কর্ম পরিকল্পনা প্রনয়ন করেছে। যার কার্যক্রম চলমান রয়েছে। ওয়ার্ডের বসবাসরত মানুষ তাদের দৈনন্দিন গৃহস্থলির বর্জ্য রাস্তায় বা ড্রেনে না ফেলে সে বিয়ষে জনসচেতনা বৃদ্ধি করতে হবে। ধর্মীয় উপাসনালয় গুলোতে চিঠি ও এলাকায় র‍্যালি মাধ্যমে জনসচেতনা বৃদ্ধি করতে হবে। | উঠান বৈঠক এবং ধর্মীয় উপসানলায়ে চিঠির মাধ্যমে পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিটির সভাপতিসহ সকল সদস্য | |
| ৫। পবিত্র ঈদ উল আযহা পশু কোরবানীর বর্জ্য দ্রুত অপসারণ | ওয়ার্ডে পবিত্র ঈদ উল আযহার দিন পশু কোরবানির বর্জ্য দ্রুত অপসারণের জন্য অতিরিক্ত জনবল নিয়োগ করতে হবে এবং কমিটির সদস্য সার্বক্ষনীক তদারকী করবেন। | ওয়ার্ডবাসীকে নির্দিষ্ট স্থানে পশুর বর্জ্য ফেলার জন্য সচেতন করতে হবে। | কমিটির সভাপতিসহ সকল সদস্য | |
| ৬। বিবিধ | সভাপতি মহোদয় সভায় সকল সদস্যদের মতামত ও পরামর্শ গ্রহন করেন এবং ওয়ার্ড সমন্বয় কমিটির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন। | আলোচ্যসূচি বাস্তবায়নে কমিটির সকল সদস্যদের সহযোগিতা কামনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিটির সভাপতিসহ সকল সদস্য | |

কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৪
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

গোলাম রব্বানী
কাউন্সিলর
৪ নং ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশন

সূত্র : .................................................. তারিখ : ..................................................

# ০৪নং ওয়ার্ড সমন্বয় কমিটির প্রথম সভার উপস্থিতিদের তালিকা

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গোলাম রব্বানী | সভাপতি | গোলাম রব্বানী |
| ০২ | শাহিদা বেগম | সহ-সভাপতি | |
| ০৩ | মোঃ শাহিন মোল্যা | সদস্য | শাহিন |
| ০৪ | মোঃ ইমরান আহসান সিদ্দিকী | সদস্য | ইমরান |
| ০৫ | ইকরাম মোল্যা | সদস্য | ইকরাম |
| ০৬ | লিজা খাতুন | সদস্য | লিজা |
| ০৭ | কুটি বেগম | সদস্য | কুটি |
| ০৮ | মোঃ ইসমাইল মোড়ল | সদস্য | ইসমাইল |
| ০৯ | মোঃ ইসলাম হোসেন | সদস্য | |
| ১০ | মোঃ মাহাবুব মোড়ল | সদস্য | মাহবুব |
| ১১ | অনিক হাসান | সদস্য | অনিক |
| ১২ | নারগীস বেগম | সদস্য | নারগীস |
| ১৩ | জনি বেগম | সদস্য | জনি |
| ১৪ | মোঃ সোলায়মান শেখ | সদস্য | সোলায়মান |
| ১৫ | মোঃ মিরাজুল ইসলাম | সদস্য সচিব | মোঃ মিরাজুল ইসলাম |

স্থান : ০৫ নং ওয়ার্ড কার্যালয়

সভা নং- ০৬ :



তাং- ২৭-০৬-২৪ইং

কাউন্সিলরের কার্যালয়, ওয়ার্ড নং-৫, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা

অদ্য ২৭-০৬-২০২৪ ইং তারিখ রোজ বৃহস্পতিবার ০৫ নং ওয়ার্ড কার্যালয়ে সম্মানিত কাউন্সিলর সাহেব জনাব শেখ মোহাম্মাদ আলী সাহেব এর সভাপতিত্বে ০৫ নং ওয়ার্ডের সমন্বয় কমিটির (WLCC) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর নিম্নরূপ :-

| নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১) শেখ মোহাম্মাদ আলী- | কাউন্সিলর (সভাপতি) | [signature] |
| ২) সাহিদা বেগম | কাউন্সিলর সংরক্ষিত (আসন নং-০২) | সাহিদা |
| ৩) শেখ মফিজুর রহমান (হিরু) | সদস্য | [signature] |
| ৪) শহিদুল ইসলাম জোয়াদ্দার | " | [signature] |
| ৫) শেখ মো: নুরুজ্জামান- | " | নুরুল হক |
| ৬) নুর জাহান মেরী | " | নুরজাহান মেরী |
| ৭) মো: আতিকুর রহমান- | " | [signature] |
| ৮) শেখ মো: জুলফিকার আলী- | সদস্য-সচিব | [signature] |

[signature] ২৭/০৬/২৪

শেখ মোহাম্মাদ আলী
কাউন্সিলর, ওয়ার্ড নং-৫
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

সভার শুরুতে উপস্থিত সদস্যদের সভাপতি সাহেব ২০২৪ সালের জুন মাসে ৩য় সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন এবং উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। যথা:-

*** বর্তমান বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারনে চলমান সূর্য থেকে তীব্র তাপ-প্রদাহ ও জলীয় বাষ্পের আধিক্যের কারনে দেশে জনজীবনের মারাত্মক অচলাবস্থা বিরাজ করছে। এমতাবস্থায়; উক্ত বৈশ্বিক জলবায়ু ও তাপদাহ সমস্যা নিরসনের লক্ষ্যে আমাদের সকলকেই "বৃক্ষ-রোপন" এর প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। সাথে সাথে সরকারকেও এ বিষয়ে যথাযথ সময় উপযোগী পদক্ষেপ গ্রহন করতে হবে — যাহাতে আপামর জনগোষ্ঠী এই প্রাকৃতিক দুর্যোগ থেকে রেহাই পায়।

১) সভায় সুশীল সমাজের প্রতিনিধি জনাব

কাউন্সিলরের কার্যালয় ★ ওয়ার্ড নং-৫ খুলনা সিটি কর্পোরেশন

শেখ মফিজুর রহমান ছিক উক্ত বিষয়টির জোরালো গুরুত্ব আরোপ করেন এবং অত্র ০৫ নং ওয়ার্ডে বৃক্ষ-রোপন কর্মসূচী-কার্যক্রম বাস্তবায়নের জোর দাবি জানান।

ii) কমিটির শিক্ষক প্রতিনিধি জনাব শহীদুল ইসলাম জোয়ার্দার তিনিও উক্ত বিষয়টির প্রতি সদা দৃষ্টি আরোপের গুরুত্ব দেন।

iii) কমিটির সাংবাদিক প্রতিনিধি জনাব মোঃ আতিকুর রহমান বর্তমান বিশ্বের সার্বিক জলবায়ু সংক্রান্ত বিষয়টি সর্বদাই অবলোকন করায় — এ বিষয়টির প্রতি সকলকে সর্বাত্মক এগিয়ে আসার জন্য জোর অনুরোধ করেন - যাহাতে নগরবাসী বিদ্যমান সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ থেকে মুক্তি পেতে পারে।

পরিশেষে; সভায় সভাপতি সাহেব উক্ত বিষয়ে সকলের সাথে ঐক্যমত পোষন করেন এবং "বৃক্ষ-রোপন" অভিযান কার্যক্রমকে গতিশীল ও কার্যকরী পদক্ষেপ গ্রহনের মাধ্যমে জনজীবনে শান্তি ফিরিয়ে আনার লক্ষ্য সকলে উদাত্ত আহ্বান জানিয়ে সভায় সমাপ্তি ঘোষনা করেন।

ধন্যবাদান্তে -

২০/০৬/২৮

শেখ মোহাম্মদ আলী
কাউন্সিলর, ওয়ার্ড নং-৫
খুলনা সিটি কর্পোরেশন

শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর,
ওয়ার্ড নং- ০৬
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
মোবাইল ঃ ০১৭১১২৭৫৪৩৬

সূত্র.....................
তারিখ 12-06-2024

# ৬নং ওয়ার্ড সমন্বয় কমিটির প্রথম সভার কার্যবিবরণীঃ-

| | |
|---|---|
| সভাপতি | ঃ শেখ শামসুদ্দিন আহম্মেদ (কাউন্সিলর ০৬নং ওয়ার্ড) |
| সহ-সভাপতি | ঃ শাহিদা বেগম (কাউন্সিলর, সংরক্ষিত আসন- ওয়ার্ড- ৪, ৫, ৬) |
| সভার স্থান | ঃ ০৬নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় |
| সভার তারিখ ও সময় | ঃ ১২/০৬/২০২৪, সকাল ১১:০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | ঃ সংযুক্ত পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি মহোদয় ০৬নং ওয়ার্ড পরিচালিত ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভায় উপস্থিত হওয়ায়, সমন্বয় কমিটির সকল সদস্যের ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য তিনি প্রারম্ভিক বক্তব্য রাখেন। পরবর্তীতে উপস্থিত সদস্যদের মধ্য থেকে বিষয় ভিত্তিক আলোচনায় অংশগ্রহণের আহ্বান জানানঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১। ওয়ার্ডের চলমান কাজ বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও গুনগতমান নিরুপন | সভাপতি বলেন, চলমান উন্নয়নমূলক কাজ ১. বিএল কলেজ রোড ও তার সংলগ্ন ড্রেন, ২. কেশবলাল রোড উন্নয়ন ও ১ম অংশে রোড উন্নয়ন নির্মাণ, ৩. পাবলা ২নং ক্রস রোড ও সবুজ সংঘ মাঠ পশ্চিম রোড এবং পাবলা সবুজ সংঘ মাঠ এর উন্নয়ন। | পর্যবেক্ষণ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মোঃ শাহীন শাহ<br>২। প্রকাশ চন্দ্র অধিকারী | |
| ২। জনগণকে পৌর কর, জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস ট্রেড লাইসেন্স ফিস ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধি | সভাপতি উপস্থিত সকল সদস্যকে কেসিসি কর্তৃক নির্ধারিত ফিসের অধিক অর্থ ওয়ার্ড অফিসের কোন কর্মচারী গ্রহণ করছে কিনা, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। | পর্যবেক্ষণ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সকল সদস্য | |

12.06-2024
শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
খুলনা সিটি কর্পোরেশন,
খুলনা।

শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর,
ওয়ার্ড নং- ০৬
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
মোবাইল ঃ ০১৭১১২৭৫৪৩৬

সূত্র.....................                                                                 তারিখ.....................

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ৩। সড়ক বাতি ও নিরাপদ পানি ও অন্যান্য জনকল্যাণ মূলক কার্যক্রম বিষয়ে সচেতনা বৃদ্ধি | সভাপতি কমিটির সকল সদস্যদের উদ্দেশ্যে বলেন এলাকার সড়ক বাতি ও নলকূপে নিরাপদ পানি জনগনের নাগরিক অধিকার এ বিষয়ে জনসচেতন মূলক প্রদান করার লক্ষ্যে জনকল্যাণ মূলক পরামর্শ প্রদান করা এই কমিটির দায়িত্ব, ওয়ার্ডের বিভিন্ন স্থানে সড়ক বন্ধ ও নলকূপে পানি সংক্রান্ত সমস্যা দেখলে সাথে সাথে ওয়ার্ড অফিসে জানাতে হবে এবং কর্তব্যরত ব্যক্তি নিরাপদ পানি সরবরাহ করবেন। এই বিষয়ে তাদের নাগরিক অধিকার সম্পর্কে প্রদান করা হলো। | কমিটির বাতি ও নিরাপদ পানি সরবরাহ করার কাজে দায়িত্বরত ব্যক্তিদেরকে নিয়ে ওয়ার্ডের বিভিন্ন মহল্লায় পরিচিতি মূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সকল সদস্য | |
| ৪। বর্জ্য ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ সেনিটেশন)ও ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী পেশাদার ও নাগরিকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনা বৃদ্ধি করা। | সভাপতি মহোদয় এই বিষয়ে বলেন বর্জ্য ব্যবস্থাপনা একটি গুরুত্ব কাজ বা উপর পরিবেশের ভারসাম্য নির্ভর করে গত ইং ৩০/০৬/২০২৩ ইং তারিখ হইতে ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়টি নিয়ে ওয়ার্ড কঞ্জারভেন্সী সুপার ভাইজার সহ বর্জ্য ব্যবস্থাপনা সকল দায়িত্বরত সকলের নিয়ে শুষ্ক মৌসুমের ৬ মাস মেয়াদী কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে। যার কার্যক্রম চলমান রয়েছে। ওয়ার্ডের বসবাস রত মানুষ তাদের দৈনন্দিন গৃহস্থলির বর্জ্য রাস্তায় বা ড্রেনে না ফেলে সে বিষয়ে জনসচেতনা বৃদ্ধি করতে হবে। ধর্মীয় উপাসনালয় গুলোতে চিঠি ও এলাকায় র‍্যালি মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | উঠান বৈঠক এবং ধর্মীয় উপাসনালয়ে চিঠির মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সকল সদস্য | |
| ৫। পরিবেশ রক্ষায় বৃক্ষরোপন অভিযান | পরিবেশ রক্ষার ক্ষেত্রে ওয়ার্ডের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ফাঁকা এবং খালি জায়গায় বৃক্ষরোপন করে পরিবেশ রক্ষা করতে হবে এবং সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কাজ করতে হবে। | এই বিষয়ে এলাকাবাসীদের উৎসাহ ও সচেতনতা বৃদ্ধি করতে হবে। | কমিটির সকল সদস্য | |
| ৬। পবিত্র ঈদুল আযহার পশু কুরবানী এবং পরবর্তীতে পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যবস্থা গ্রহণ | সভাপতি মহোদয় কুরবানী পশুর স্থানসহ পশুর বর্জ্য ভালোভাবে পানিদ্বারা ধুয়ে সেখানে ব্লিচিং পাউডার ছিটিয়ে পরিষ্কার রাখার বিষয়ে সকলকে অবহিত করেন। এবং বর্জ্য অপসারণের জন্য কে,সি,সি'র ব্যবস্থাপনার কথা উল্লেখ করেন। | এই বিষয়ে এলাকাবাসীদের উৎসাহ ও সচেতনতা বৃদ্ধি করতে হবে | কমিটির সকল সদস্য | |

12-06-2024
শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
খুলনা সিটি কর্পোরেশন,
খুলনা।

শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর,
ওয়ার্ড নং- ০৬
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
মোবাইল ঃ ০১৭১১২৭৫৪৩৬

সূত্র.................... তারিখ.....................

## ০৬নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC)............ সভায় উপস্থিতিদের তালিকা:

| ক্রঃ নং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | শেখ শামসুদ্দিন আহম্মেদ | সভাপতি | |
| ০২ | শাহিদা বেগম | সহ-সভাপতি | শাহিদা |
| ০৩ | হীরা খাতুন | সদস্য | মোসাঃ হীরা খাতুন |
| ০৪ | রেখা রাণী | সদস্য | রেখা রানী |
| ০৫ | মিতা সাহা | সদস্য | মিতা [illegible] |
| ০৬ | মোঃ শাহীন শাহ | সদস্য | মোঃ শাহীন শাহ |
| ০৭ | মোঃ মুজিবর রহমান খান | সদস্য | [illegible] |
| ০৮ | প্রকাশ অধিকারী | সদস্য | প্রকাশ অধীকরী |
| ০৯ | অমিত কুমার সাহা | সদস্য | অমিত সাহা |
| ১০ | মোঃ নাঈম হাসান | সদস্য | |
| ১১ | মোঃ গোলাম মোস্তফা | সদস্য | গোলাম মোস্তফা |
| ১২ | মোঃ শামসুল আলম | সদস্য | |
| ১৩ | মোঃ ইব্রাহিম শেখ | সদস্য | মোঃ ইব্রাহিম শেখ |
| ১৪ | মোঃ আনিছুল হক | সদস্য | মোঃ আনিছুল হক |
| ১৫ | জেসমিন সুলতানা | সদস্য | |
| ১৬ | বিনু ইসলাম | সদস্য | বিনু ইসলাম |
| ১৭ | শেখ সাত্তারুজ্জামান | সদস্য | Sk. Sattar |
| ১৮ | এস, এম, ফায়েদ হাসান | সদস্য | S.M. [illegible] |
| ১৯ | মোঃ আবু মুসা | সদস্য সচিব | [illegible] |

12-06-2024
শেখ শামসুদ্দিন আহম্মেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
খুলনা সিটি কর্পোরেশন,
খুলনা।

শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

০১৯৭৬-৪০৬৬৯০
০১৭১১-২৬৭৬৪৩ (অফিস)
E-mail : janroza.ahmed@gmail.com
লিবার্টি সিনেমা হলের সামনে
বাতিপাড়া রোড, খালিশপুর, খুলনা।

সূত্র ঃ ..........................

তারিখ ঃ ২৯/০৫/২০২৪খ্রিঃ

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি WLCC)-র সভার রেজুলেশন ঃ
০৭ নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

২৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শেখ মিষ্টার খালিদ আহমেদ এর সভাপতিত্বে ওয়ার্ড কার্যালয়ে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি(WLCC)'র সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গর্ভন্যান্স) উন্নয়ন কৌশল পত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে মধ্যমেয়াদী(২০২২-২০২৩ থেকে ২০২৫-২০২৬ অর্থ বছরের) খুলনা সিটি কর্পোরেশনের কর্মপরিকল্পনা (Action plan) অনুযায়ী ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি(WLCC) 'র সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। নির্দিষ্ট স্থানে পশু কোরবানী ও বর্জ্য অপসারন সংক্রান্ত। | সিটি কর্পোরেশন কর্তৃক নিদিষ্ট স্থানে পশু কোরবানী প্রদানের জন্য জন সাধারনকে উৎসাহিত করার জন্য সাব কমিটি গঠন করার প্রস্তাব করেন অনেক সদস্য। কোরবানীর পশুর বর্জ্যে যাহাতে পরিবেশ দুষিত না করে সেজন্য যতদ্রুত সম্ভব বর্জ্য অপসারনের উপর জোর দেন অধিকাংশ সদস্য, কোরবানী দাতাদের সুবিধার্থে বর্জ্য রাখার জন্য প্রত্যেককে বস্তা সরবরাহ করিলে বর্জ্য অপসারন কারীদের কাজ সহজ ও দ্রুত সময়ের মধ্যে ওয়ার্ড পরিষ্কার করা সম্ভব হবে বলে অনেকে মতামত প্রদান করেন। জন সাধারন কে সচেতন করার জন্য এলাকায় মাইকিং করার ওপর গুরুত্ব দেন অনেক সদস্য। | নির্দিষ্ট স্থানে পশু কোরবানী ও দ্রুত বর্জ্য অপসারনের কাজ সুষ্ঠ ভাবে করার জন্য ওয়ার্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে আলোচনা করার সিদ্ধান্ত হয়। কমিটির সভাপতি সাহেব জনাব শেখ মিষ্টার খালিদ আহমেদ নিজ দায়িত্বে সকল কোরবানী দাতাকে বর্জ্য সংরক্ষনের জন্য বস্তা সরবরাহ করবেন এবং মাইক প্রচার করবেন মর্মে সভাকে অবহিত করেন। কোরবানীর পশুর বর্জ্য দ্রুত অপসারনের জন্য ওয়ার্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী ঈদ-উল আযাহার দিন সকাল ৯.০০ ঘটিকা হতে সভাপতি সাহেবের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ দায়িত্ব পালন করবেন। |

শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

০১৯৭৬-৪০৬৬৯০
০১৭১১-২৬৭৬৪৩ (অফিস)
E-mail : janroza.ahmed@gmail.com
লিবার্টি সিনেমা হলের সামনে
বাতিপাড়া রোড, খালিশপুর, খুলনা।

সূত্র ঃ.................................



তারিখ ঃ ২৯/০৫/২০২৪খ্রি:

| | | |
|---|---|---|
| ২। গৃহস্থলি বর্জ্য অপসারন সংক্রান্ত। | গৃহস্থলি বর্জ্য যে সময়ের মধ্যে নেয়ার কথা অনেক সময় ১ দিন পর নেয় যাহার ফলে বর্জ্যে দুর্গন্ধ হওয়ায় বাসায় রাখা সম্ভব হয় না তখন বাসা বাড়ীর লোকজন বাধ্য হয়ে বর্জ্য রাস্তা বা ড্রেনে ফেলে পরিবেশ নষ্ট করে বলে অনেকে সভায় উপস্থাপন করেন। | গৃহস্থলি বর্জ্য যাহাতে নির্ধারিত সময়ে বাসা বাড়ী থেকে সংগ্রহ করা হয় তাহার আশু ব্যবস্থ্ গ্রহনের জন্য সভাপতি সাহেব সকলকে আশ্বস্ত করেন। |

উক্ত সভায় আর কোন আলোচনা না থাকায় উপরুল্লেখিত সকল সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

29.05.2024

শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

০১৯৭৬-৪০৬৬৯০
০১৭১১-২৬৭৬৪৩ (অফিস)
E-mail : janroza.ahmed@gmail.com
লিবার্টি সিনেমা হলের সামনে
বাতিপাড়া রোড, খালিশপুর, খুলনা।

সূত্র ঃ ..............................

তারিখ ঃ ২৯/০৫/২০২৪ খ্রি.

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-র সভায় উপস্থিত সদস্যগনের তালিকাঃ

ওয়ার্ড নং-০৭,কেসিসি

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ মিষ্টার খালিদ আহমেদ | সভাপতি | ✓ |
| ০২ | জনাবা মোসাঃ শিল্পী | সদস্য | শিল্পী |
| ০৩ | জনাব শেখ হেলাল উদ্দিন | সদস্য | হেলাল |
| ০৪ | জনাব আমজাদ আলী লিটন | সদস্য | লিটন |
| ০৫ | জনাবা মিসেসঃ গোলাপী | সদস্য | গোলাপী |
| ০৬ | জনাবা মিতু | সদস্য | Mitu |
| ০৭ | জনাব বীর মুক্তিযোদ্ধা আতিয়ার রহমান | সদস্য | Atiar Rahman |
| ০৮ | জনাবা মিসেস ঃ নদি | সদস্য | নদি |
| ০৯ | জনাব হুমায়ন কবির | সদস্য | কবির |
| ১০ | জনাবা শারমিন সুলতানা | সদস্য | শারমিন |
| ১১ | জনাব আঃ জব্বার দুলাল | সদস্য | [illegible] |
| ১২ | এস,এম, ওয়াহিদুজ্জামান | সদস্য | [illegible] |

29.05.2024
শেখ মিষ্টার খালিদ আহমেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

মোঃ সাহিদুর রহমান
কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৮
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

কার্যালয় ঃ
গোয়ালপাড়া কমিউনিটি সেন্টার
খালিশপুর, খুলনা।
☎ ঃ
ঃ ০১৭১১-৪০৪৯৯২

সূত্র ঃ .......................

তারিখ ঃ ০৫/০৫/২০২৪ ইং

খুলনা সিটি কর্পোরেশন
০৮ নং ওয়ার্ড
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি (WLCC)'র কার্যবিবরনী

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

সভার বিবরণ ঃ

সভাপতি ঃ জনাব, মোঃ সাহিদুর রহমান
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি।

সভার তারিখ ও সময় ঃ ০৫ মে ২০২৪ ইং রোজঃ রবিবার, সকাল ১১:০০ ঘটিকা

সভার স্থান ঃ ওয়ার্ড অফিসের সভাকক্ষ

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় ০৮ নং ওয়ার্ড পরিচালনা ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভায় উপস্থিত হওয়ায়, সমন্বয় কমিটির সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। অতপর উক্ত সভা পরিচালনার জন্য তিনি প্রারম্ভিক বক্তব্য রাখেন। পরবর্তীতে উপস্থিত সদস্যদের মধ্য থেকে বিষয় ভিত্তিক আলোচনায় অংশগ্রহনের আহবান জানান।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ০১। পরিবেশ ও জলবায়ু রক্ষায় বৃক্ষ রোপনে নাগরিকদের ভূমিকা। | সভাপতি বলেন, পরিবেশ ও জলবায়ু রক্ষায় বৃক্ষ রোপনে নাগরিকদের ভূমিকা থাকা একান্ত প্রয়োজন। বিশেষ করে পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের সকলকে বৃক্ষ রোপন করতে হবে। আমাদের সকলের উচিৎ যার যেখানে ফাকা জায়গা আছে সবাই যেন বৃক্ষ রোপন করি। বৃক্ষ রোপনের ফলে একদিকে নিজে যেমন উপকৃত হবো তেমনি ভাবে দেশের পরিবেশ রক্ষায় কার্যকর ভূমিকা রাখবো। তিনি সকলকে বৃক্ষ রোপনের জন্য উৎসাহ প্রদান করেন। | পর্যবেক্ষন কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। জনাব ফ ম কামরুজ্জামান বাবলু<br>০২। জনাব, সোহরাব হোসেন<br>০৩। জনাব, শেখ সোহেল | ০৬/০৬/২০২৪ ইং |
| ০২। | সভাপতি মহোদয়, সভায় সকল সদস্যদের মতামত ও পরামর্শ গ্রহন করেন এবং ওয়ার্ড সমন্বয় কমিটির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন। | আলোচ্যসূচী বাস্তবায়নে কমিটির সকল সদস্যদের সহযোগীতা কামনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সভাপতি, সহ সকল সদস্য | ০৮/০৬/২০২৪ ইং |

# মোঃ সাহিদুর রহমান

**কাউন্সিলর**
ওয়ার্ড নং- ০৮
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

**কার্যালয় ঃ**
গোয়ালপাড়া কমিউনিটি সেন্টার
খালিশপুর, খুলনা।
☎ ঃ
✆ ঃ ০১৭১১-৪০৪৯৯২


সূত্র ঃ ..................

তারিখ ঃ ০৫/০৫/২০২৪

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।**

১) স্থানীয় সরকার বিভাগের নির্দেশনার আলোকে এই কমিটি গঠন করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি কমিটির সকলকেই নিজের পরিচয় তুলে ধরার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজেদের পরিচয় প্রদান করেন।

২) সভাপতি আলোচ্যসূচী সহ অত্র ০৮ নং ওয়ার্ডে ইতি মধ্যে সম্পন্ন ও চলমান উন্নয়ন মূলক কার্যক্রম উপস্থিত সকলের সামনে তুলে ধরেন।

৩) সভাপতি আলোচ্যসূচী সহ ওয়ার্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক বাতি, ওয়ারেশ কায়েম সনদ, নাগরিক সনদ কার্যক্রম তুলে ধরেন এবং এ বিষয়ে মতামত ও পরামর্শ চান।

৪) উপস্থিত সদস্যগণ তাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করেন এবং কেসিসির উন্নয়ন কার্যক্রমে মেয়র মহোদয়ের তদারকী ও উপস্থিতির প্রশংসা করেন।

৫) পরিশেষে সভাপতি সকলকে তাদের উপস্থিতি, পরামর্শ ও মতামতের জন্য ধন্যবাদ জানিয়ে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে
মোঃ সাহিদুর রহমান
০৫/০৫/২০২৪
মোঃ সাহিদুর রহমান
কাউন্সিলর
ওয়ার্ড নং-০৮
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

**মোঃ সাহিদুর রহমান**
**কাউন্সিলর**
ওয়ার্ড নং- ০৮
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

কার্যালয় ঃ
গোয়ালপাড়া কমিউনিটি সেন্টার
খালিশপুর, খুলনা।
☎ ঃ
✆ ঃ ০১৭১১-৪০৪৯৯২

সূত্র ঃ ০৫।০৫ ২০২৪

তারিখ ঃ ০৫।০৫।২০২৪ ইং

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

গত ০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের ০৮ নং ওয়ার্ড অফিসের সভাকক্ষে,০৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব, মোঃ সাহিদুর রহমান এর আহ্বানে "সিটি কর্পোরেশনের পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশনের কর্মপরিকল্পনা (Action Plan) অনুযায়ী ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায়" উপস্থিত ব্যক্তিবর্গ ঃ-

**সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)**

## ০৮ নং ওয়ার্ডের সমন্বয় কমিটি (WLCC) গঠনের রূপ রেখা নিম্নরুপঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ক) | জনাব, মোঃ সাহিদুর রহমান | সভাপতি<br>(কাউন্সিলর ০৮ নং ওয়ার্ড, কে,সি,সি) | |
| খ) | জনাব, রাফিজা খানম মিরা | সহ-সভাপতি<br>(সংরক্ষিত আসনের কাউন্সিলর আসন নং - ০৩, কে,সি,সি) | |
| গ) | ০১। জনাব, মমতাজ বেগম<br>০২। জনাব, শাহিনুর বেগম<br>০৩। জনাব, হাজেরা বেগম | সদস্য<br>(নগর দরিদ্র জনগোষ্ঠী/বস্তি কমিউনিটি থেকে প্রতিনিধি-৩ জন) | |
| ঘ) | ০১। জনাব, ফ ম কামরুজ্জামান বাবলু<br>০২। জনাব, গাজী মোশারেফ হোসেন<br>০৩। জনাব, সোহরাব হোসেন<br>০৪। জনাব, মাওঃ হাফিজুর রহমান<br>০৫। জনাব, আমির হোসেন তোতা | সদস্য<br>(সুশীল সমাজ/এনজিও থেকে প্রতিনিধি-০৫ জন) | |
| ঙ) | ০১। জনাব, এম এম কবির আহমেদ<br>০২। জনাব, ডাঃ জিল্লুর রহমান তরুন | সদস্য<br>(পেশাজীবি গ্রুপ থেকে প্রতিনিধি- ২জন) | |
| চ) | ০১। জনাব, সমির সরকার<br>০২। জনাব, নুরে আলম | সদস্য<br>(সামাজিক/সাংস্কৃতিক/যুবক্রিড়া প্রতিনিধি-২) | |
| ছ) | ০১। জনাব, সাজেদা বেগম শিখা<br>০২। জনাব, মুক্তা বেগম | সদস্য<br>(নারী প্রতিনিধি-০২ জন) | |
| জ) | ০১। জনাব, বীরমুক্তিযোদ্ধা আব্দুল জলিল (বি,এ) | সদস্য<br>(মুক্তিযোদ্ধা প্রতিনিধি) | |
| ঝ) | ০১। জনাব, শেখ সোহেল | সদস্য<br>(মিডিয়া প্রতিনিধি) | |
| ঞ) | ০১। জনাব, মোঃ মাসুদুল আলম | সদস্য<br>(ওয়ার্ড সচিব-০৮ নং ওয়ার্ড,কেসিসি) | |

০৫।০৫।২০২৪
মোঃ সাহিদুর রহমান
কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

অদ্য ১৫/৫/২৪ ইং তারিখে ৯নং ওয়ার্ড কাউন্সিলর এর কার্যালয়ে জনাব এম.ডি মাহ্ফুজুর রহমান লিটন এর সভাপতিত্বে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (WLCC) ত্রৈমাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত সূমহ।

আলোচ্য সূচিঃ

১। সড়ক বাতি সংক্রান্ত।

২। মশক নিধনে ঔষুধ প্রয়োগ।

৩। এলাকার আগাছা পরিষ্কার সংক্রান্ত।

আলোচ্য সূচি অনুযায়ী সকল সদস্য গনের ব্যাপক আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গৃহিত হয় যে

১। বৈদ্যুতিক মিস্ত্রী দ্বারা এলাকায় বন্ধ হয়ে থাকা সড়ক বাতি সমূহ চালু রাখার ব্যাবস্থা গ্রহন করতে হবে এবং এ ব্যাপারে বৈদ্যুতিক মিস্ত্রী যাহাতে সকল বাতি সমূহ সচল রাখে তাহার প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হইল।

২। বর্তমান সময়ে ডেঙ্গু জ্বরের প্রয়োগ দেখা দিয়াছে। যাহাতে কোন ড্রেনে জলাবদ্ধতা না থাকে এবং মশা বৃদ্ধি হতে না পারে তাহার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ওয়ার্ডের সুপারভাইজারকে নির্দেশ প্রদান করা হইল। একই সাথে রাস্তার পার্শ্বের ঝোপ ঝাড় পরিষ্কার করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

এম. ডি. মাহ্ফুজুর রহমান লিটন
কাউন্সিলর ৯নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ওয়ার্ড নং- ০৯

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (WLCC) ত্রৈমাসিক সভার উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | এম. ডি মাহবুবুর রহমান লিটন<br>কাউন্সিলর ৯ নং ওয়ার্ড. চেসিসি. | সভাপতি | [signature] |
| ২ | শেখ জাহিদুর রশীদ<br>৯নং ওয়ার্ড সচিব | সদস্য-সচিব | [signature] |
| ৩ | মো: বেল্লাল হোসেন | সদস্য | Bellal |
| ৪ | মুক্তি আক্তার | ” | মুক্তি আক্তার |
| ৫ | ক্যাথি রোজারিও | ” | [signature] |
| ৬ | জাহানারা বেগম | ” | জাহানারা বেগম |
| ৭ | শেখ আনজু ইসলাম | ” | [signature] |
| ৮ | মোহাম্মদ আলী | ” | [signature] |
| ৯ | আনা সামি | ” | Anna Sarmin |
| ১০ | তাসলিমা আক্তার | ” | [signature] |
| ১১ | মো: ইমরান হোসেন | ” | Imran |

মোঃ শরিফুল ইসলাম (প্রিন্স)
কাউন্সিলর, ওয়ার্ড নং- ১০
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৬/২, গোয়ালখালী কবর খানা রোড, খালিশপুর, খুলনা।
০১৭১২-৯৮০০০০ ০২৪৭৭৭৬০২৭৪ (বাসা)

Md. Shoreful Islam (Prince)
Councilor, Ward No-10
Khulna City Corporation, Khulna.
6/2, Goalkhali Kobor Khana Road, Khalishpur, Khulna.
01712-980000 02477760274 (Home)
E-mail : shoreful1983@gmail.com

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

সূত্র ঃ

তারিখ : ২৬/০৬/২০২৪

অদ্য ইংরেজী ১৩/০৬/২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কিমিটি (WLCC)র সভা অনুষ্ঠিত হয় সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। অতঃপর সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশল পত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২। | নির্দিষ্ট স্থানে পশু কোরবানী ও বর্জ্য অপসারন | খুলনা সিটি কর্পোরেশনের মাধ্যমে ঈদ-উল-আযহা উপলক্ষে ১০নং ওয়ার্ডে পশু কোরবানীর জন্য ৫ টি নির্দিষ্ট স্থান নির্ধারন করা হয়েছে। উক্ত ৫ টি নির্দিষ্ট স্থানে যাতে এলাকার জনগন সহজভাবে পশু কোরবানী করতে পারে তার জন্য ১০নং ওয়ার্ডের কাউন্সিলর সাহেব তার লোকবল দিয়ে সার্বিক সহযোগীতা করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ করে নির্দিষ্ট স্থানে কাঠের গুড়ি সহ প্রয়োজনীয় চাটাই ও বসার জন্য কিছু চেয়ারের ব্যবস্থা করবেন। এই নির্দিষ্ট স্থান ছাড়াও এলাকার বেশ কিছু লোক তাদের বাড়ীর আঙ্গিনায় পশু কোরবানী করে থাকেন। কোরবানীর দিন নির্দিষ্টস্থান সহ এলাকার সকল কোরবানী পশুর বর্জ্য অপসারন করার জন্য সরাসরি কাউন্সিলর সাহেব নিজের তত্বাবধানে লোক মারফত ব্যবস্থা করার আলোচনা হয়। বর্জ্য নেয়ার পর প্রয়োজনীয় ব্লিচিং পাউডার ও স্যাভলন নির্দিষ্ট জায়গায় ব্যবহার করলে দুর্গন্ধ থেকে রক্ষা পাওয়া যায়। আরও আলোচনা হয় যে অত্র ১০নং ওয়ার্ডে প্রায় ৪৫০টি পশু কোরবানী হয়ে থাকে। এসকল পশুর বর্জ্য অপসারনের জন্য ৪৫০ পিচ বস্তা প্রয়োজন। যা কোরবানী দাতাদের কাছে ঈদের আগের দিন পৌছাইয়া দিলে তারা বর্জ্য বস্তায় রাখার পর নির্দিষ্ট জনগনের মাধ্যমে সহজেই অপসারন করা সম্ভব। | WLCC সম্মানিত সভাপতি ১০নং ওয়ার্ডের কাউন্সিলর সাহেব অভিমত ব্যাক্ত করেন যে তার নিজস্ব অর্থায়নে ৪৫০টি বস্তা ক্রয় করে বস্তা ও ১ প্যাকেট ব্লিচিং পাউডার লোক মারফত অত্র ওয়ার্ডের সকল পশু কোরবানী দাতার বাড়ীতে ঈদের আগের দিন পৌছাইয়া দিবেন। যাতে করে তারা পশুর বর্জ্য নির্দিষ্ট বস্তায় রাখতে পারেন ও রক্ত মাখা স্থানে ব্লিচিং ব্যবহার করতে পারেন। নির্দিষ্ট ৫টি স্থানে প্রয়োজনীয় সকল উপকরন কাউন্সিলর সাহেব যথা সময় নিজ তদারকিতে পৌছাইয়া দিবেন। পাশাপাশি কাউন্সিলর সাহেব আশাবাদ ব্যাক্ত করেন যে, সকলের সহযোগীতায় ঈদের দিন বেলা ৩.০০ টার মধ্যে বর্জ্য নির্দিষ্ট স্থানে এনে কেসিসির গাড়ীর মাধ্যমে অপসারন করতে পারবেন। | ১০নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর, নির্দিষ্ট জনবল ও খুলনা সিটি কর্পোরেশন |

২৬.০৬.২০২৪
মোঃ শরিফুল ইসলাম
কাউন্সিলর, ওয়ার্ড নং-১০
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

মোঃ শরিফুল ইসলাম (প্রিন্স)
কাউন্সিলর, ওয়ার্ড নং- ১০
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৬/২, গোয়ালখালী কবর খানা রোড, খালিশপুর, খুলনা।
০১৭১২-৯৮০০০০ ০২৪৭৭৭৬০২৭৪ (বাসা)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

Md. Shoreful Islam (Prince)
Councilor, Ward No-10
Khulna City Corporation, Khulna.
6/2, Goalkhali Kobor Khana Road, Khalishpur, Khulna.
01712-980000 02477760274 (Home)
E-mail : shoreful1983@gmail.com

সূত্র ঃ

তারিখ : ২৬/০৫/২০২৪

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) সভার উপস্থিতির স্বাক্ষর
ওয়ার্ড নং-১০, কে.সি.সি, খালিশপুর খুলনা।

| ক্রঃনং | নাম | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শরিফুল ইসলাম (প্রিন্স) | (সভাপতি) | [signature] |
| ২। | রাফিজা খানম মীরা | (সহ-সভাপতি) | রাফিজা |
| ৩। | কাজী ফজলুল হক | (সদস্য) | কাজী ফজলুল হক |
| ৪। | শুকুর ইসলাম প্রধান | " | শুকুর ইসলাম প্রধান |
| ৫। | সুমি ইসলাম | " | সুমি ইসলাম |
| ৬। | মোসা: ডলি | " | ডলি |
| ৭। | এস, এম, মোয়াজ্জেম | (সদস্য-সচিব) | [signature] |

মোঃ নাইমুল ইসলাম খালেদ
কাউন্সিলর, ১১ নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

খালিশপুর নিউ মার্কেট রোড,
খালিশপুর, খুলনা।
মোবাইল ঃ ০১৭৩৪-৪৩৮৭৯৫

সূত্র ঃ........................................ ১১নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয় তারিখ ঃ ২২.০৫.২০২৪
খুলনা সিটি কর্পোরেশন খুলনা।

অদ্য ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০মিঃ সময় ১১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ নাইমুল ইসলাম খালেদ মহোদয়ের সভাপতিত্বে অত্র ওয়ার্ড অফিস সম্মেলন কক্ষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Capacity Development Of City Corporation (C4C-2) প্রকল্পের আওতায় খুলনা সিটি কর্পোরেশনের ১১নং ওয়ার্ড, হালনাগাদ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

হালনাগাদ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটির ২য় সভার কার্যবিবরণীঃ

সভায় উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ নাইমুল ইসলাম খালেদ | সভাপতি, ১১ নং ওয়ার্ড কাউন্সিলর | |
| ২ | খাদিজা আক্তার | সহ সভাপতি-কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৪ | খাদিজা |
| ৩ | মোঃ রিয়াজুল ইসলাম সোহাগ | সদস্য | Shohagh |
| ৪ | রোকসানা খানম | সদস্য | রোকসানা |
| ৫ | মোসাঃ বিউটি বেগম | সদস্য | বিউটি |
| ৬ | মোঃ ইউনুস আলী সরদার | সদস্য | |
| ৭ | মোঃ আলী আহমেদ | সদস্য | |
| ৮ | মোঃ জাকির হোসেন | সদস্য | |
| ৯ | কেয়া সুলতানা | সদস্য | কেয়া |
| ১০ | মোসাঃ নাসরিন আফরোজ | সদস্য | নাসরিন |
| ১১ | এ্যাডঃ মোঃ পলাশ | সদস্য | পলাশ |
| ১২ | মোঃ মহিউদ্দিন আহমেদ | সদস্য | |
| ১৩ | সাইদ মহিউদ্দিন বাবু | সদস্য | |
| ১৪ | মোঃ আউয়ুব আলী | সদস্য | আইয়ুব |
| ১৫ | মোঃ আব্দুল জলিল খান | সদস্য সচিব | |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং হালনাগাদ করে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির সদস্যদের উদ্দেশ্যে এই কমিটি গঠনের প্রয়োজনীয়তা সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সূচনা বক্তব্য পেশ করেন। তিনি বলেন বর্তমান সরকার মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান সমূহের যাবতীয় কর্মকান্ডে সমাজের সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করা এবং উন্নয়ন কৌশলপত্র প্রনয়নের নিমিত্তে এই ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠন করা হয়েছে। এখন থেকে প্রতি ০৩( তিন) মাস অন্তর একবার এই কমিটি সভা করে অত্র ওয়ার্ডের সমস্যা চিহ্নিতকরে সমাধান কল্পে কার্যবিবরণীতে সদস্যদের সুচিন্তিত মতামত সন্নিবেশিত করে সুপারিশ আকারে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরিত হবে। এজন্য ওয়ার্ডের টেকসই উন্নয়ন ও নতুনত্ব আনতে এই কমিটির সদস্যদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ন। সন্মানিত উপস্থিতি আপনারা মাঠ পর্যায়ের নগর সবুজায়নকল্পে ১১নং ওয়ার্ডের বৃক্ষরোপন স্থান নির্বাচন করে সুচিন্তিত মতামত ও পরামর্শ কামনা করে সভাপতি তার সূচনা বক্তব্য শেষ করেন।

মোঃ নাইমুল ইসলাম খালেদ
কাউন্সিলর, ১১ নং ওয়ার্ড
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

খালিশপুর নিউ মার্কেট রোড,
খালিশপুর, খুলনা।
মোবাইল ঃ ০১৭৩৪-৪৩৮৭৯৫

সূত্র ঃ.............................................. তারিখ ঃ ২২.০৫.২০২৪

অতপর সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থিত সদস্যবৃন্দের আলোচনা ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | নগর সবুজায়নকল্পে ১১নং ওয়ার্ডের বৃক্ষরোপন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত | এ বিষয়ের উপর সুশীল সমাজের প্রতিনিধি ও বিশিষ্ট রাজনীতিবিদ মোঃ আলী আহমেদ বলেন-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্মার্ট বাংলাদেশ গড়তে ভবিষৎ প্রজন্মকে শিষামুক্ত, বিষাক্ত বায়ু শোধন করার লক্ষ্যে বৃক্ষরোপনের কোন বিকল্প নেই বলে মন্তব্য করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ মোতাবেক নগর সবুজায়নকল্পে ১১নং ওয়ার্ডের বৃক্ষরোপন করার জন্য নিরাপদ স্থান নির্ধারন করা জরুরী পাশাপাশি বৃক্ষ রক্ষনাবেক্ষন করার সুপারিশ করেন। এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | এ বিয়ষ সন্মানিত সভাপতি ও সহ-সভাপতি মহোদয়কে যথাযত কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে বৃক্ষরোপনের ব্যবস্থা, বৃক্ষ রক্ষনাবেক্ষনের জন্য জনগনকে সচেতন করা প্রচারের দায়িত্ব অর্পন করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যকে ধন্যবাদ জানান। সভাপতি তাদের ওয়ার্ড উন্নয়নে সুচিন্তিত মতামত এবং সমস্যা সমাধানের সঠিক পরামর্শদানে কৃতজ্ঞতা প্রকাশ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২.০৫.'২৪
মোঃ নাইমুল ইসলাম খালেদ
সভাপতি
১১নঙ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটি
১১ নং ওয়ার্ড কাউন্সিলর
খুলনা সিটি কর্পোরেশন,খুলনা

মোঃ শফিকুল আলম
কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড,
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
মোবাইল ঃ ০১৭১৪-৪৮০৯৯৩

Md. Shafiqul Alam
Councillor, 12 No. Ward,
Khulna City Corporation, Khulna.
Mob : 01714-480993

সূত্র ঃ.....................................  তারিখ ঃ ২৯/০৫/২৪

**১২নং ওয়ার্ডের ডব্লিউ.এল.সি.সি. সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ শফিকুল আলম, সম্মানিত কাউন্সিলর, ১২নং ওয়ার্ড, কেসিসি। |
| সহ-সভাপতি | : জনাব খাদিজা সুলতানা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন-৪, কেসিসি। |
| সভার স্থান | : ১২নং ওয়ার্ড কাউন্সিলরকার্যালয়। |
| সভার তারিখ ও সময় | : ২৮/০৫/২০২৪খ্রিঃ, বেলা ১১.০০ ঘটিকা। |

সভার শুরুতে সভাপতি মহোদয় ১২নং ওয়ার্ড-এর সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছাজ্ঞাপন করেন। অত:পর পবিত্র ঈদ-উল-আযহা ২০২৪ উপলক্ষ্যে ১২ নং ওয়ার্ডে ৫টি কেন্দ্রে কুরবানী পশু যবাই করনে সর্ব সাধারনকে তার কর্ম পরিকল্পনা ও কেসিসি গৃহিত বিষয়গুলো অবহিত করেন।

পরবর্তীতে সভপতি সাহেব সভায় উপস্থিত সদস্যদের মতামত ও পরামর্শ জানতে চান।

সভায় সদস্যগনের মতামত ও পরামর্শ মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

১। নির্দিষ্ট স্থানে কুরবানীর পশু যবাইকরনে উৎসাহিত করতে ওয়ার্ডের সকল ইমাম সাহেব ও মাদরাসা প্রধানকে পত্র প্রদান করা। এ বিষয়ে ওয়ার্ড সচিব দায়িত্ব পালন করবেন।

২। প্রতিটি মসজিদের সামনে এবং গুরুত্বপূর্ণ স্থানে প্যানা স্থাপন করে জনসাধারনকে অবহিত করা ও উৎসাহিত করা।

৩। কমপক্ষে ২দিন জনসচেতনতামূলক মাইকিং করা, এ বিষয়ে অফিস সহকারী (জন্ম-মৃত্যু) দায়িত্ব পালন করবেন।

৪। কুরবানী ঈদের দিন যত দ্রুত সম্ভব ওয়ার্ডের কুরবানীকৃত পশুর বর্জ্য অপসারন ও ব্লিচিং-স্যাভলন ছিটানোর ব্যবস্থা গ্রহন। এ বিষয়ে ওয়ার্ড সচিব'র সমন্বয় ও কঞ্জারভেন্সি সুপার ভাইজার সার্বিক দায়িত্ব পালন করবেন।

সভায় আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/০৫/২৪
মোঃ শফিকুল আলম
কাউন্সিলর, ওয়ার্ড নং-১২
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

# খুলনা সিটি কর্পোরেশন

## ওয়ার্ড নং-১২

### ডব্লিউ.এল.সি.সি. সমন্বয় সভার উপস্থিতি হাজিরা স্বাক্ষর

স্থান: ১২নং ওয়ার্ড অফিস কার্যালয়

তারিখ: ২৮/৫/২০২৪ ইং      সময়: বেলা: ১১.০০

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ শফিকুল আলম | সভাপতি | |
| ২. | জনাব খাদিজা সুলতানা | সহ-সভাপতি | |
| ৩. | জনাব মোহাম্মদ আলী | সদস্য | M. ALi |
